

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.১৯৬.২০১২- ৪৭৬

তারিখঃ ০২.০৪.২০১৩ খ্রিস্টাব্দ


আদেশ

যেহেতু, ডাঃ ফারহানা কালাম (১২৪৪৪৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৩.০৪.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, এফসিপিএস কোর্স করার জন্য তিনি ৩০.০৬.২০১১ পর্যন্ত প্রেষণ ও শিক্ষাছুটিতে ছিলেন। শিক্ষাছুটি শেষে তিনি ০৩.০৭.২০১১ তারিখে যোগদান করেন, কিন্তু যোগদানের তারিখটি কাটাকাটি করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ ফারহানা কালাম (১২৪৪৪৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, কারণ-দর্শানো নোটিশের জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(এ) বিধিমাতে 'তিরস্কার' শাস্তি আরোপ করা হল।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.১১৬.০১.০০.০০৭.২০১৩- ৪৭৬/১৩২

তারিখঃ ০২.০৪.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিভিল সার্জন, ময়মনসিংহ
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৮। সিনিয়র সহকারী সচিব (পার-৫ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাঁর ০১.০৭.২০১১ তারিখ হতে ২৯.০৪.২০১২ তারিখ পর্যন্ত অননুমোদিত অনুপস্থিতকালের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হল)
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ
- ১১। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নান্দাইল, ময়মনসিংহ
- ১২। ডাঃ ফারহানা কালাম (১২৪৪৪৮), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, নান্দাইল, ময়মনসিংহ

  
(হাছিনা বেগম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৬৬৫৫  
[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)